



কৃষকবন্ধু (নতুন) প্রকল্প কৃষি দপ্তর

প্রকল্পটি কী :

- ১) কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে খরিফ ও রবি মরসুমে কৃষি উপকরণ ক্রয়ের সুবিধার্থে এক একর বা তার বেশি চাষযোগ্য জমির জন্য বছরে দুটি সমান কিস্তিতে সর্বাধিক ১০০০০ টাকা পাবেন। জমি এক একরের কম হলে আনুপাতিক হারে বছরে দুই কিস্তিতে ন্যূনতম ৪০০০ টাকা পাবেন।
- ২) কৃষকবন্ধু (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্পে ১৮-৬০ বছর বয়সী কোন ও কৃষক বা নথিভুক্ত ভাগচাষীর মৃত্যু হলে তাঁর আইনসম্মত উত্তরাধিকারী এককালীন ২ লক্ষ টাকা আর্থিক সহায়তা পাবেন।

কারা এই সুবিধা পাবেন :

- ১) কৃষকবন্ধু (নতুন) প্রকল্পের জন্য কৃষকের নিজ নামে চাষযোগ্য জমির পরচা/পাট্টা/বনবিভাগের পাট্টা থাকলে অথবা নিবন্ধীকৃত বর্গা হলেও সুবিধা পাবেন।
- ২) নিজের নামে জমি না থাকলে দলিল /দানপত্র / দেবোত্তর / অন্যান্য নথি এবং স্বঘোষণাপত্র আর তার সাথে পঞ্চয়েত প্রধানের দেওয়া ওয়ারিশন সার্টিফিকেট সহ প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য আবেদন করা যাবে।

কী কী নথি লাগবে :

- ১) কৃষকবন্ধু (নতুন) প্রকল্পের জন্য আবেদনপত্রের সাথে দিতে হবে -
 - ক) সাম্প্রতিক চাষযোগ্য জমির পরচা /বর্গা নিবন্ধীকরণের নথি/পাট্টা বা বনবিভাগের পাট্টার নথি
 - খ) ভোটার কার্ড (আবশ্যিক)
 - গ) আধার কার্ড (আবশ্যিক)
 - ঘ) আধার সংযুক্ত ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার কপি / বাতিল চেক (জন-ধন অ্যাকাউন্ট নয়)
 - ঙ) পাসপোর্ট মাপের সাম্প্রতিক ছবি
 - চ) ব্যাঙ্ক অ্যাকাউন্ট ও আধার-এর সাথে সংযুক্ত মোবাইল ফোন নম্বর
 - ছ) নিজের নামে জমি না থাকলে দলিল /দানপত্র / দেবোত্তর / অন্যান্য নথি এবং স্বঘোষণাপত্র আর তার সাথে পঞ্চয়েত প্রধানের দেওয়া ওয়ারিশন সার্টিফিকেট লাগবে।

২) কৃষকবন্ধু (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্পের জন্য আবেদনপত্রের সাথে দিতে হবে :

- ক) মৃত কৃষক / নথিভুক্ত ভাগচাষীর সচিবপরিচয় পত্রের প্রত্যয়িত প্রতিলিপি(ভোটার কার্ড এবং আধার কার্ড)
- খ) মৃত ব্যক্তির মৃত্যুর শংসাপত্রের প্রতিলিপি
- গ) গ্রামীণ এলাকার জন্য ব্লক ডেভেলপমেন্ট অফিসার এবং শহরাঞ্চলের জন্য মহকুমা শাসক অথবা সহ কৃষি অধিকর্তা (প্রশাসন)-এর দেওয়া দেওয়া আইনসম্মত উত্তরাধিকার সংক্রান্ত শংসাপত্র
- ঘ) মৃত ব্যক্তির নামে জমির সাম্প্রতিক পরচা /বর্গা নিবন্ধীকরণের নথি/পাট্টা বা বনবিভাগের পাট্টার নথির প্রত্যয়িত প্রতিলিপি।
- ঙ) আবেদনকারী দরখাস্তের সঙ্গে স্বঘোষণাপত্র জমা দেবেন। নাবালক আবেদনকারীর ক্ষেত্রে স্বঘোষণাপত্রের সঙ্গে স্বাভাবিক/ আইনসম্মত অভিভাবকের ঘোষণাপত্র পেশ করতে হবে।

**প্রতিটি ক্ষেত্রে মূল নথির সঙ্গে প্রতিলিপি লাগবে)

যোগাযোগ : 'দুয়ারে সরকার' শিবির এছাড়াও www.matirkatha.gov.in অথবা

www.matirkatha.net ওয়েবসাইট ও গ্রামীণ এলাকায় বিডিও অফিস , পৌর এলাকায় মহকুমা শাসক।

পশ্চিমবঙ্গ সরকার